# ক্রমঃ ৬৩ আল-হাইয়্যু ٱلْحَيُّ

## অর্থ

চিরঞ্জীব, যার কোন শেষ নেই

## English

 Al-Hayy
- The One attributed with a life that is unlike our life and is not that of a combination of soul, flesh or blood.
- The Living. The Alive, the ever living.

## ব্যাখ্যা

> ٱلْحَيُّ| আল-হাইয়্যু (চিরঞ্জীব, যার কোন শেষ নেই) | Al-Hayy | The Ever-Living

আল-হাইয়্যু হলেন যার রয়েছে পূর্ণ জীবন, চিরঞ্জীব, যার কোন শেষ নেই এবং আল-কাইয়্যূম হলেন যিনি নিজে প্রতিষ্ঠিত, চিরপ্রতিষ্ঠিত ধারক। তিনি আসমান ও জমিনের সব কিছুকে প্রতিষ্ঠিত করেছেন, তাদের পরিচালনা, রিযিক দান এবং যাবতীয় দেখা-শুনা তিনি করে থাকেন। অত:এব, আল-হাইয়্যু হলো তাঁর যাতের গুণাবলীর সমষ্টি আর আল-কাইয়্যূম হলো তাঁর কর্মসমূহের গুণের সমষ্টি। এদুটি নাম একত্রে বিশেষ লক্ষ্য ও উদ্দেশ্যে উল্লেখ করা। যেমন আল্লাহ তাঁর কিতাবের বিভিন্ন জায়গায় উক্ত নাম দুটি একত্রিত করেছেন। আল্লাহ তা‘আলা বলেছেন,

﴿ ٱللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ٱلۡحَيُّ ٱلۡقَيُّومُ٢٥٥﴾ [البقرة: ٢٥٥]

“আল্লাহ, তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই, তিনি চিরঞ্জীব, সুপ্রতিষ্ঠিত ধারক।” [সূরা আল-বাকারা, আয়াত: ২৫৫] এ নামদ্বয়ে সমস্ত পূর্ণতার গুণাবলী সন্নিবেশিত হয়েছে। আল-হাইয়্যু হলেন যিনি পূর্ণ জীবনের অধিকারী। এ নামে আল্লাহর সমস্ত যাতী সিফাত যেমন ইলম, ইজ্জত, কুদরত, ইচ্ছা, মহত্ব, অহংকার ইত্যাদি অন্যান্য পবিত্র যাতী সিফাতসমূহ একত্রতি হয়েছে।

আর আল-কাইয়্যূম হলেন পূর্ণ প্রতিষ্ঠিত, সুপ্রতিষ্ঠিত ধারক, যিনি নিজে নিজেই প্রতিষ্ঠিত, তাঁর সিফাতসমূহ মহান, তিনি সমস্ত সৃষ্টি থেকে অমুখাপেক্ষী, তিনি আসমান, জমিন ও এ দুয়ের মধ্যকার সব কিছু সৃষ্টি করেছেন। তিনিই এসব সৃষ্টি করেছেন, এগুলোকে বৃদ্ধি করেছেন এবং এগুলো বেঁচে থাকার জন্য তিনি সব কিছু প্রস্তুত করেছেন। তিনি সব দিক থেকে তাদের থেকে মুখাপেক্ষীহীন; কিন্তু সৃষ্টিকুল সব দিক থেকে তাঁর মুখাপেক্ষী। অত:এব,

আল-হাইয়্যু ও আল-কাইয়্যুম তিনিই যার রয়েছে পূর্ণাঙ্গ গুণ। তিনি তা-ই করেন যা চান।[2] তিনি কিছু ইচ্ছা করলে তাকে সৃষ্টি হতে বললেই হয়ে যায়। কর্মের যাবতীয় গুণাবলী, সম্মান, মর্যাদা ও বড়ত্বের গুণাবলী তাঁর আল-কাইয়্যুম নামের সাথে সম্পৃক্ত। যাবতীয় পূর্ণতার গুণাবলী এ সম্মানিত নাম দুটির দিকে ফিরে। এ কারণেই হাদীসে এসেছে, আল্লাহর ঐ ইসমে আযম দ্বারা দো‘আ করলে তিনি তা কবুল করেন, আর তা দ্বারা কিছু চাওয়া হলে তিনি তা দান করেন।”[3] আল্লাহ তা‘আলা বলেছেন,

﴿ ٱللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ٱلۡحَيُّ ٱلۡقَيُّومُ٢٥٥﴾ [البقرة: ٢٥٥]

“আল্লাহ, তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই, তিনি চিরঞ্জীব, সুপ্রতিষ্ঠিত ধারক।” [সূরা আল-বাকারা, আয়াত: ২৫৫] এ নামদ্বয়ে সমস্ত পূর্ণতার গুণাবলী সন্নিবেশিত হয়েছে। সুতরাং যাতী সিফাতসমূহ আল-হাইয়্যু নামের দিকে আর যাবতীয় কর্মের গুণাবলী আল-কাইয়্যুম নামের দিকে প্রত্যাবর্তীত হয়।[4]

---

[1] আল্লাহর এ নামের দলিল হলো নিম্নোক্ত আয়াত:

[ٱللَّهُ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ ٱلۡحَيُّ ٱلۡقَيُّومُ٢٥٥﴾ [البقرة: ٢٥٥ ﴾

“আল্লাহ, তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই, তিনি চিরঞ্জীব, সুপ্রতিষ্ঠিত ধারক।” [সূরা আল-বাকারা, আয়াত: ২৫৫]

[2] আল-হাক্কুল ওয়াদিহ আল-মুবীন, পৃ. ৮৭-৮৮।

[3] আবু দাউদ, কিতাব: সালাত, বাব: আদ-দো‘আ, হাদীস নং ১৪৯৫; তিরমিযী, কিতাব: দাওয়াত, হাদীস নং ৩৫৪৪, ইমাম তিরমিযী হাদীসটিকে হাসান সহীহ বলেছেন; নাসায়ী, হাদীস নং ১৩০০; মুসনাদ আহমাদ, হাদীস নং ১২২০৫; ইবন মাজাহ, হাদীস নং ৩৮৫৮; হাকিম, ১/৫০৪। আলবানী রহ. হাদীসটিকে সহীহ বলেছেন।

[4] তাওদীহুল কাফিয়া আশ-শাফিয়া, পৃ. ২৯।

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=63

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন